

ক্ৰোধ দেহ তেৰি ক্ৰোধে



এই বইটি আমাৰা আমাৰ নাম :

.....



এয় নতুন দিনৰ





এবার শোনো মজার কথা! ছোট
ছোট ইট দিয়ে ঘর তৈরি হয়।
তেমনই ছোট ছোট কণা দিয়ে তৈরি
হয় আমাদের দেহ। খালি চোখে
একদম দেখা যায় না সেসব। লাগে
মাইক্রোস্কোপ।

এসব কণাকে কোষ বলা হয়। আমাদের দেহ অনেক অনেক কোষ দিয়ে গঠিত। সবার প্রথমে এটি দেখতে পান এক বিজ্ঞানী। তার নাম রবার্ট হুক। তিনিও কিন্তু খালি চোখে দেখেননি! তারও একটা মাইক্রোস্কোপ ছিলো।





মাইক্রোস্কোপ কেনো লাগে, জানো?
মাইক্রোস্কোপে ছোট ছোট জিনিসও অনেক
বড় দেখা যায়। বুঝেছো এবার? চাইলে তুমিও
দেখতে পারবে। আরেকটু বড় হও। তখন
আরও অনেক কিছু জানতে পারবে।





আমাদের দেহে যখনই জীবাণু ঢোকে,
রক্তের সাদা কোষগুলো সতর্ক হয়ে যায়!
তারপর আর কী! জীবাণুটাকে নিজের
কাছে এনে তাকে ঘিরে ধরে। তারপর
তাকে মেরে ফেলে! ভারি মজার না!